**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 04-04–2024**
**Time: 07.35–07 . 40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

Last date nomination

লোকসভা নির্বাচনের দ্বিতীয় ধাপের মনোনয়ন জমা দেওয়ার কাজ আজ শেষ হবে। । এই পর্বে আউটার মণিপুর লোকসভা কেন্দ্রের কিছু অংশের সঙ্গে ১২টি রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলের ৮৮টি লোকসভা আসনে নির্বাচন অনুষ্ঠিত হবে। এই পর্বের ভোট হবে ২৬ এপ্রিল। জম্মু ও কাশ্মীর ছাড়া সমস্ত রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে মনোনয়ন পত্র পরীক্ষা করা হবে আগামীকাল। জম্মু ও কাশ্মীরে, ৬ই এপ্রিল মনোনয়ন পত্র পরীক্ষা করা হবে।

************

Nomination, East

পূর্ব ত্রিপুরা উপজাতি সংরক্ষিত লোকসভা আসনের নির্বাচনে মনোনয়নপত্র জমা দেবার আজ শেষ দিন। মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ দিন আগামী ৮ই এপ্রিল। এই আসনে প্রতিদ্বন্দ্বিতার জন্য এখনও পর্যন্ত মোট ৮ জন প্রার্থী মনোনয়নপত্র জমা দিয়েছেন। এদিকে লোকসভা নির্বাচনে পূর্ব ত্রিপুরা আসনে প্রতিদ্বন্দ্বিতা করার জন্য গতকাল ১টি মনোনয়নপত্র জমা পড়েছে। আইএনপিটি দলের প্রার্থী শিবচন্দ্র দেববর্মা এদিন রিটার্নিং অফিসারের কাছে মনোনয়নপত্র পেশ করেন।ধলাইর জেলাশাসক তথা পূর্ব ত্রিপুরা লোকসভা আসনের রিটার্নিং অফিসার সাজু ওয়াহিদ জানান, আজ মনোনয়নপত্র

জমা দেবার শেষ দিনে বিকেল ৩টা পর্যন্ত মনোনয়নপত্র গ্রহণ করা হবে।

***************

Governor visit at Jampui hill :

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু গতকাল পর্যটনকেন্দ্র জম্পুইহিল পরিদর্শন করেছেন। ভাংমুনে ইডেন টুরিস্ট লজে তাঁকে স্বাগত জানান উত্তর জেলার জেলাশাসক দেবপ্রিয় বর্ধন। রাজ্যপাল ত্রিপুরার সবচেয়ে উচু পর্বতশৃঙ্গ বেতলিংশিপ পরিদর্শন করেন। তিনি ফুলদংশাইতে টুরিস্ট লজ, এবং ভাঙমুনে সবচেয়ে পরিচ্ছন্ন গ্রামও পরিদর্শন করেন। গ্রাম এবং রাস্তা পরিচ্ছন্ন রাখার জন্য রাজ্যপাল গ্রামবাসীদের অভিনন্দন জানান।

************

BJP Campaign:

পশ্চিম লোকসভা আসনের বিজেপি মনোনীত প্রার্থী তথা সাংসদ বিপ্লব কুমার দেব গতকাল বামুটিয়া বিজেপি মন্ডলের চন্দন ভট্টাচার্য শক্তিকেন্দ্র, হীরালাল গোস্বামী ও রঞ্জিত ঘোষ স্মৃতি শক্তিকেন্দ্রে সাংগঠনিক বৈঠকে অংশগ্রহণ করেন। তাছাড়া বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ গতকাল মোহনপুর বিজেপি মন্ডলের উদ্যোগে বিভিন্ন নির্বাচনী সভায় এবং আলোচনায় অংশগ্রহণ করেন।

************

Ramnagar by election:

রামনগর বিধানসভা উপনির্বাচনকে কেন্দ্র করে গতকাল সংশ্লিষ্ট বিধানসভা কেন্দ্রের অন্তর্গত আগরতলা পুর নিগমের ১৫ নং ওয়ার্ডের উদ্যোগে  পদযাত্রার আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন রামনগর বিধানসভা উপনির্বাচনে বিজেপি মনোনীত প্রার্থী তথা পুর মেয়র দীপক মজুমদার সহ অন্যান্যরা। পদযাত্রাটি গাঙ্গাইল রোড থেকে শুরু করে কালিকাপুর সহ মিনা বাড়ি এলাকা পরিদর্শন করে

**********

Review meeting

নিত্য প্রয়োজনীয় খাদ্য সামগ্রীর মূল্য নিয়ন্ত্রন রাখতে গতকাল খাদ্য, জনসংভরণ ও ক্রেতাস্বার্থ বিষয়ক দপ্তরের সভাকক্ষে এক পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয়।  উপস্থিত ছিলেন খাদ্য দপ্তরের অধিকর্তা নির্মল অধিকারী, অল ত্রিপুরা মার্চেন্ট এসোসিয়েশন, ত্রিপুরা হোলসেল গ্রোসারী মার্চেন্ট এসোসিয়েশন এবং আগরতলা পুরনিগম এলাকার বিভিন্ন বাজার কমিটির প্রতিনিধিরা। শ্রী অধিকারী বর্ষা মরশুমে খাদ্য সামগ্রীর অস্বাভাবিক মূল্য বৃদ্ধি যাতে না হয় তার জন্য উদ্যোগ নিতে বৈঠকে আবেদন জানান।

************

Mansukh Mandbya

কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী ডাঃ মনসুখ মান্ডাভিয়া গতকাল এক বৈঠকে গ্রীষ্মকালে তাপ-জনিত অসুস্থতার ব্যবস্থাপনার প্রস্তুতি পর্যালোচনা করেন। তিনি বিভিন্ন রাজ্যের তাপপ্রবাহ সংক্রান্ত তথ্য সহ একটি

কেন্দ্রীয় তথ্যভানডর বা ডাটাবেস তৈরি করার ওপর গুরুত্ব আরোপ করেন।

রাজ্যগুলিতে আবহাওয়া বিভাগের সতর্কতা পাওয়ার সঙ্গে সঙ্গে সময়োপযোগী পদক্ষেপ গ্রহণের কথা বলেন তিনি।

পরে নতুনদিল্লিতে ডাঃ মনসুখ মান্ডাভিয়া সাংবাদিকদের বলেন যে, কৃষক, নির্মাণ শ্রমিক এবং নির্বাচনী দায়িত্বে নিয়োজিত এবং নির্বাচনী প্রচারে নিযুক্ত ব্যক্তিদের তাপ প্রবাহের প্রভাবকে প্রতিহত করার জন্য পর্যাপ্ত পরিমাণে জল খাওয়ার পরামর্শ দেওয়া হয়েছে। তিনি বলেন, শরীরে জলের ভারসাম্য বজায় রাখতে ফলের রস, লেবুর শরবত ও মরসুমী ফলও খাওয়া যেতে পারে।

************

Court :

ত্রিপুরা হাইকোর্টের রেজিস্ট্রার জেনারেল বিশ্বজিৎ পান্ডে জানিয়েছেন, আগামী ১৯ এপ্রিল লোকসভার পশ্চিম আসনের ভোটের দিন হাইকোর্ট বন্ধ থাকবে। পশ্চিম ত্রিপুরা আসন এলাকার অন্তর্গত সব আদালতও ঐদিন বন্ধ থাকবে। শ্রী পান্ডে আরও জানান, আগামী ২৬ এপ্রিল পূর্ব ত্রিপুরা আসনের ভোটগ্রহণের দিন পূর্ব আসন এলাকার অন্তর্গত সব আদালত বন্ধ থাকবে। তাছাড়া আগামী ১৭ এপ্রিল রাম নবমী উপলক্ষ্যে হাইকোর্ট বন্ধ থাকবে। এর বদলে আগামী ৭ই ডিসেম্বর হাইকোর্ট খোলা থাকবে বলে এক বিজ্ঞপ্তি জানানো হয়েছে।

*************

Courtsey meet

লোকসভা নির্বাচনে ত্রিপুরায় বিজেপির নির্বাচনী প্রভারী অবিনাশ রাই খান্না গতকাল মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহার সাথে তাঁর সরকারি বাসভবনে  এক সৌজন্যমূলক সাক্ষাৎকারে মিলিত হন। সাক্ষাৎকালে উভয়ের মধ্যে নির্বাচন সংক্রান্ত বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হয়।

************

Ashokashtami mela

শৈবতীর্থ ঊনকোটিতে আগামী ১৫ ও ১৬ এপ্রিল আয়োজিত অশোকাষ্টমী মেলাকে করে গতকাল কৈলাসহর মহকুমা শাসক কার্যালয়ে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন কৈলাসহর মহকুমার মহকুমা শাসক প্রদীপ সরকার।  উপস্থিত ছিলেন কৈলাসহর মহকুমার অতিরিক্ত মহকুমা শাসক নব কুমার জমাতিয়া, চন্ডীপুর ব্লকের বিডিও প্রসেনজিৎ মালাকার সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ।

************

Weather

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। কিছু কিছু জায়গায় হালকা বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। তাপমাত্রা সর্বোচ্চ ৩৬ ডিগ্রী এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রী সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৭.৩ ডিগ্রী সেলসিয়াস। আগামী চব্বিশ ঘণ্টায় রাজ্যের বেশ কটি জেলায় বিক্ষিপ্ত ভাবে বজ্র বিদ্যুত সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর।

*************

************